# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২১. দায়ূদ (আ) এর প্রেম

নবী দায়ূদ (আঃ) এর সম্পর্কে একটি অত্যন্ত নোংরা গল্প বিভিন্ন তাফসীর গ্রন্থ ও পরবর্তী যুগের দুই একটি হাদীস গ্রন্থে পাওয়া যায়। গল্পটি মূলত ইহূদীদের বাইবেল থেকে ও তাবিয়ীগণের যুগে বিদ্যমান ইহূদী আলিমদের মুখ থেকে মুসলিম সমাজে প্রবেশ করেছে। কিন্তু দুঃখজনকভাবে কোনো কোনো গ্রন্থে এ ঘটনাটিকে রাসূলুল্লাহর ﷺ নামেও প্রচার করা হয়েছে।

ইহূদী-খৃস্টানগণ তাওরাত-যাবুর-ইঞ্জিলের মধ্যে অনেক জাল অশ্লীল গল্প-কাহিনী সংযোজন করেছেন। সেগুলোর মধ্যে একটি দায়ূদ (আঃ)-এর নামে প্রেম, ব্যভিচার ও হত্যার কাহিনী। এ গল্পটি মুসলিম সমাজে কিছুটা সংশোধিতরূপে প্রচারিত। গল্পটির সার-সংক্ষেপ নিম্নরূপ: একদিন দায়ূদ (আঃ) হঠাৎ করে একজন গোসলরত মহিলাকে এক নজর দেখে ফেলেন। এতে তিনি মহিলাটির উপর অত্যন্ত আসক্ত হয়ে পড়েন। মহিলাটির স্বামীর নাম ছিল উরিয়া। তিনি একজন যোদ্ধা ছিলেন। দায়ূদ প্রধান সেনাপতির সাথে ষড়যন্ত্র করেন উরিয়াকে যুদ্ধের মাঠে হত্যা করার জন্য। এক পর্যায়ে উরিয়া যুদ্ধে নিহত হলে দায়ূদ ঐ মহিলাকে বিবাহ করেন।[1] বাইবেলে এ ঘটনাটি আরো অনেক নোংরাভাবে লেখা হয়েছে।[2]

এ ঘটনাটি শুধু মিথ্যা এবং নবীদের প্রকৃতির বিরোধীই নয়; উপরন্তু তা মানবীয় বুদ্ধিরও বিপরীত। একজন বিবেকবান বয়স্ক মানুষ, যার কয়েক ডজন স্ত্রী বিদ্যমান এবং যিনি একজন জনপ্রিয় শাসক- তিনি একটিবার মাত্র দৃষ্টি পড়ার ফলে এমন ভাবে প্রেমে আসক্ত হয়ে পড়বেন এবং এরূপ হত্যা ও ষড়যন্ত্রের আশ্রয় নেবেন তা কল্পনা করা যায় না।[3]

### ফুটনোট

[1] ইবনু আবী শাইবা, আল-মুসান্নাফ ৬/৩৪২-৩৪৪, তাবারী, আত-তাফসীর ২৩/১৪; আল-কুরতুবী, তাফসীর ১৫/১৬৬-১৮৫।

[2] বাইবেল, ২ শমূয়েল (2 Samuel), ১১ : ১-২৭।

[3] মুহাম্মাদ আবূ শাহবাহ, আল-ইসরাঈলিয়্যাত, পৃ. ২৬৪-২৭০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4781

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন